



ভূ-বিজ্ঞানমন্ত্রক

# সিএমইআরআই আয়োজিত উন্নত নির্মাণ প্রক্রিয়ার ওপর আলোচনাচক্র

পসেইডন: 13 SEP 2019 4:10PM by PIB Kolkata

কলকাতা, ১৩ সেপ্টেম্বর, ২০১৯

কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ-সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট (সিএসআইআর-সিএমইআরআই), দুর্গাপুর এবং ইইপিসি ইন্ডিয়া টেকনোলজি সেন্টার আজ কলকাতায় উন্নত নির্মাণ প্রক্রিয়ার ওপর একটি আলোচনাচক্রের আয়োজন করেছিল। এই আলোচনাচক্রের উদ্বোধন করেন সিএসআইআর-সিএমইআরআই, দুর্গাপুরের নির্দেশক অধ্যাপক হরিশ হিরানি এবং ইইপিসি ইন্ডিয়া-র চেয়ারম্যান শ্রী রবি সেহগল।

অধ্যাপক হরিশ হিরানি বলেন, বিশ্ব জুড়ে অর্থনৈতিক কর্মকাণ্ডের মেরুদণ্ডই হচ্ছে নির্মাণ শিল্প। আমাদের মতো দেশে এর মাধ্যমে কর্মসংস্থানের প্রচুর সুযোগ তৈরি হতে পারে। কিন্তু রপ্তানির পরিমাণ বৃদ্ধিতে নির্মাণ ক্ষেত্রের জন্য গবেষণা ও উদ্ভাবন অত্যন্ত জরুরি। এই লক্ষ্যে সিএসআইআর-সিএমইআরআই অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদের নির্মাণ প্রক্রিয়ার নকশা এবং বিভিন্ন সমস্যার সমাধান করতে জনগণ এবং যন্ত্রপাতির সমন্বয় প্রক্রিয়া নিয়ে কাজ করে চলেছে।

তিনি জানান, দুর্গাপুরের সিএমইআরআই-এর উন্নত নির্মাণ কেন্দ্র অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগ সহ বিভিন্ন ক্ষেত্রে আরও কর্মসংস্থানের সুযোগ তৈরি করার জন্য ছাত্রছাত্রী এবং শিল্পোদ্যোগীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। তিনি আরও জানান, এই আলোচনাচক্রের মাধ্যমে শিল্পজগৎ এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের মাধ্যমে অভিজ্ঞতা, জ্ঞান এবং তথ্যের আদানপ্রদান হবে।

ইইপিসি-র চেয়ারম্যান শ্রী রবি সেহগল বলেন, কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রকের বিভিন্ন পরিকল্পনাকে ইইপিসি ইন্ডিয়া বাস্তবায়িত করে। বেঙ্গালুরুতে সংস্থাটি প্রশিক্ষণ কেন্দ্র তৈরি করেছিল যার একটি শাখা এখন কলকাতাতেও গড়ে তোলা হয়েছে। তিনি বলেন, আন্তর্জাতিক স্তরে উন্নত প্রযুক্তির মাধ্যমে নির্মাণ শিল্পের সুবিধার জন্য অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি শিল্পোদ্যোগীদের সিএসআইআর-সিএমইআরআই, দুর্গাপুর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সিএসআইআর-সিএমইআরআই 'স্বরাজ' এবং 'সোনালিকা' ট্র্যাক্টর উদ্ভাবনের জন্য বিশেষ পরিচিত। কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের অধীন বিজ্ঞান ও শিল্প গবেষণা পর্ষদের আওতায় মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং তার সহায়ক শাখাগুলির গবেষণা ও উন্নয়নের কাজে এই সংস্থাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

CG/CB/DM

(রিলিজ আইডি: 1584978) ভিজিটরের কাউন্টার : 4

